


উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটির কার্যবিবরণী:

সভাপতি : রশিদ মিয়া
 ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার।
 তারিখ : ২০-৪-২০২২ খ্রি:
 সময় : দুপুর ০১:১৫ টা হতে দুপুর ০২:৩০ টা।
 স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের কক্ষ।
 সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তায়নকারী কর্তৃপক্ষ	বাস্তায়নকারী কর্তৃপক্ষ
০১	অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির সভা	সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২খ্রিঃ অর্থ বছরে এডিপি সরকারী বরাদ্দ বাবদ প্রাপ্ত ১ম হতে ৩য় কিস্তি বাবদ = ৬৬,৯৩,০০০.০০ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দ কম- বেশী হওয়ায় আপাততঃ ১ম হতে ৩য় কিস্তি বাবদ প্রাপ্ত অর্থের প্রকল্প সমূহ গত ফেব্রুয়ারী মাসের মাসিক সভায় অনুমোদিত হয়েছে। তিনি সভায় জানান, উপজেলা পরিষদ চত্বরে উপজেলা নির্বাহী অফিসারদের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য প্রস্তাবিত স্থান উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের দক্ষিণ পার্শে কয়েকটি গাছ কর্তনের আবশ্যিকতা দেখা দিলে স্থানীয় বন বিভাগের কর্মকর্তা দ্বারা বর্ণিত গাছের মূল্য নির্ধারণ (প্রাক্কলণ) প্রস্তুত করা হয়েছে। গাছ কর্তনের মূল্য নির্ধারণ (প্রাক্কলণ) সদয় অনুমোদনের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করতে হবে। গাছ কর্তনের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক গাছ কর্তনের পর আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের কাজ শুরু করা হবে। গাছ কর্তনের মূল্য নির্ধারণ (প্রাক্কলণ) সদয় অনুমোদনের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে দ্রুত প্রেরণের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।	উপজেলা প্রকৌশলী, সদর, কক্সবাজার।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (রশিদ মিয়া) ২৪/৪/২২

উপজেলা ভাইস চেয়ারম্যান

ও





সভাপতি

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
 সদর, কক্সবাজার।

অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি সভার হাজিরা

সদর, কক্সবাজার।

তারিখ: ২০/০৪/২০২২

ক্রমিক	নাম	ঠিকানা	পদবী	স্বাক্ষর
১	মোঃ মুনিরুজ্জামান	উপজেলা প্রকৌশলী, সদর, কক্সবাজার।	সদস্য সচিব	
২	ইমরুল হাসান রাশেদ	চেয়ারম্যান, জালালাবাদ ইউনিয়ন পরিষদ, সদর, কক্সবাজার	সদস্য	
৩	মোঃ শাহাজাহান ছিদ্দিকী	চেয়ারম্যান, খুরুশকুল ইউনিয়ন পরিষদ, সদর, কক্সবাজার	সদস্য	
৪	রফিক আহমদ	চেয়ারম্যান, পোকখালী ইউনিয়ন পরিষদ, সদর, কক্সবাজার	সদস্য	
৫	রশিদ মিয়া	উপজেলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার	সভাপতি	